

ঢাবিতে পতাকা উত্তোলন দিবস উদযাপন আজ

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবন সংলগ্ন ঐতিহাসিক বটতলায় আজ সোমবার পতাকা উত্তোলন দিবস উদযাপন করা হবে। দিবসটি উপলক্ষে আজ সকাল ১০টায় বিশ্ববিদ্যালয় প্রশাসনের উদ্যোগে একটি আলোচনা ও স্মরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর। এ ছাড়া প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন), প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) ও ট্রেজারারও অনুষ্ঠানে অংশ নেবেন।

সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য দেবেন
ডাকসুর সাবেক ভিপি, মুক্তিযুদ্ধের অন্যতম
সংগঠক এবং স্বাধীন বাংলাদেশের প্রথম পতাকা
উত্তোলনকারী আ স ম আবদুর রব। তিনি
ঐতিহাসিক ২ মার্চের তাত্পর্য ও স্বাধীনতা
আন্দোলনে পতাকা উত্তোলনের গুরুত্ব নিয়ে
আলোচনা করবেন বলে জানা গেছে।

বিশ্ববিদ্যালয় পরিবারের সদস্য, শিক্ষক-শিক্ষার্থী
ও সংশ্লিষ্ট সবার উপস্থিতিতে দিবসটি যথাযোগ্য
মর্যাদায় পালিত হবে। এই আয়োজনকে কেন্দ্র
করে ক্যাম্পাসে প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।